

বিশ্ব মানের শিক্ষাব্যবস্থা চালুর কাজ চলছে ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার, মুন্সীগঞ্জ ॥ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা ব্যবস্থার মৌলিক পরিবর্তনের মাধ্যমে বিশ্ব মানের শিক্ষা ব্যবস্থা চালুর কাজ চলছে। বর্তমান সরকার শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন ঘটিয়েছে। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, নিজেদের দেশ সেবার কাজে যোগ্য হিসেবে গড়ে তুলতে হবে। তিনি শিক্ষার্থীদের বলেন পড়াশুনার পাশাপাশি খেলাধুলা, লাইব্রেরী ওয়াক ও সাংস্কৃতি চর্চায় গুরুত্ব দিতে হবে। এর মাধ্যমেই একজন সুনামগরিক হিসেবে গড়ে ওঠা সম্ভব। তিনি বুধবার মুন্সীগঞ্জে রনছ রুহিতপুর উচ্চ

বিদ্যালয় পরিদর্শন শেষে মতবিনিময় সভায় এসব কথা বলেন। বিদ্যালয়টির ম্যানেজিং কমিটির সভাপতি অধ্যাপক ডক্টর মাহাবুবে রশিদে সভাপতিত্বে মতবিনিময় সভায় আরও অংশ নেন স্থানীয় সংসদ সদস্য এ্যাডভোকেট মনাল কাতি দাস এমপি, জেলা প্রশাসক সাইফুল হাসান বাদল, পুলিশ সুপার বিপ্লব বিজয় তালুকদার, অধ্যক্ষ মোঃ সিরাজুল ইসলাম, অধ্যক্ষ মেজর মোঃ রেজাউল করিম, সুখেন চন্দ্র ব্যানার্জী, আব্দুল মতিন, জামাল হোসেন, মুক্তিযোদ্ধা এম এ কাদের মোল্লা, সাংবাদিক মীর নাসিরউদ্দিন উজ্জ্বল প্রমুখ।